# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৭৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফরয সালাতসমূহ নির্ধারিত সময়ে আদায় করা আল্লাহর কাছে অন্যতম প্রিয় আমল

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَدَاءَ الْمَرْءِ الصَّلَوَاتِ الْمَفْرُوضَةَ لِمَوَاقِيتِهَا مِنْ أَحَبِّ الْأَعْمَالِ إِلَى اللَّهِ جَلَّ وَعَلَا

---

আরবী

1474 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ عَنْ أَبِي الْأَحْوَصِ: عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْأَعْمَالِ أَحَبُّ إِلَى اللَّهِ؟ قَالَ: (الصَّلَوَاتُ لِمَوَاقِيتِهَا) قُلْتُ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: (ثُمَّ بِرُّ الْوَالِدَيْنِ) قُلْتُ: ثُمَّ أَيٌّ؟ قال: (ثم الجهاد) ولو استزدته لزادني.
الراوي : عَبْدِ اللَّهِ بْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1474 | خلاصة حكم المحدث.صحيح ـ

বাংলা

১৪৭৪. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, “হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহর কাছে কোন আমল সবচেয়ে বেশি প্রিয়?” জবাবে তিনি বলেন, “সময়মতো সালাত আদায় করা।” আমি বললাম, “তারপর কোনটি?” জবাবে তিনি বলেন, “তারপর পিতামাতার সাথে সদাচারণ করা।” আমি বললাম, “তারপর কী?” জবাবে বলেন, “তারপর জিহাদ করা।” রাবী বলেন, “যদি আমি তাকে আরো বেশি জিজ্ঞেস করতাম, তবে তিনি আরো উত্তর দিতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪২১; তাহাবী, মুশকিলুল আসার: ৩/২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান: ১৪৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90789

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন